# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৮ জুলাই ২০১৬, ৩ শ্রাবণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে জাতীয় ঐক্য তৈরি হয়েছে : প্রধানমন্ত্রী

২। শিক্ষাঙ্গন জঙ্গিমুক্ত করতে পুলিশের ১২ দফা প্রস্তাব
জঙ্গিবাদে জড়িত শিক্ষকদের আইনের আওতায় আনা হবে : শিক্ষামন্ত্রী
জঙ্গিবাদের বিরুদ্ধে সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৩। এসডিজি অর্জনে আন্তর্জাতিক সহায়তা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী

৪। গণপরিবহণে সংরক্ষিত আসনের জন্য আইন হচ্ছে : সড়ক পরিহণ ও সেতুমন্ত্রী

৫। জাতীয় সংসদে বঙ্গবন্ধু ডিজিটাল ইউনিভার্সিটি ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বিল পাস

৬। গুলশান, শোলাকিয়া ও ফ্রান্সে জঙ্গি হামলায় জাতীয় সংসদে নিন্দা

৭। ঢাকার পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে সাড়ে ২৭ কোটি ডলার ঋণ দিচ্ছে এডিবি

৮। প্রাথমিক সমাপনী পরীক্ষা আগামী ২০ নভেম্বর শুরু

৯। ময়মনসিংহের দুই আসনে উপ-নির্বাচন আজ

১০। হজ ফ্লাইট শুরু আগামী ৪ আগস্ট

চলমান পাতা-২

১। **জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে জাতীয় ঐক্য তৈরি হয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জঙ্গিবাদ এখন বৈশ্বিক সমস্যা। সবাই মিলে তা মোকাবিলা করতে হবে। এর পরিকল্পনাকারী, অর্থ ও অস্ত্রের জোগানদাতাদের খুঁজে বের করতে হবে। সামগ্রিকভাবে এবারের আসেম সম্মেলনে অংশগ্রহণ বৈশ্বিক অঙ্গণে বাংলাদেশের ভাবমূর্তিকে আরও উজ্জ্বল, দৃশ্যমান ও সুসংহত করেছে। জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ দমনে বাংলাদেশ এখন আন্তর্জাতিক সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ অংশীদার বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে ইতোমধ্যে জাতীয় ঐক্য তৈরি হয়ে গেছে। তবে সারা বিশ্বে বাংলাদেশের যে সম্মানের জায়গা তৈরি হয়েছিল, তাতে গুলশান হামলা দেশের ভাবমূর্তির ওপর একটি কলঙ্কলেপন করেছে। দেশের মানুষকে জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে সচেতন ও সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে তিনি এর বিরুদ্ধে প্রত্যেককে যার যার অবস্থান থেকে ভূমিকা রাখতে বলেন। মঙ্গোলিয়ার রাজধানী উলানবাটোরে **১১**তম এশিয়া-ইউরোপ মিটিং আসেম সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরে গতকাল **১৭** জুলাই রোববার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। তার সফরের ওপর একটি লিখিত বক্তব্যের পাশাপাশি তিনি বিভিন্ন প্রশ্নের জবাব দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)**। ভোরের কাগজ, সংবাদ, জনকণ্ঠ, ইনকিলাব, প্রথম আলো, যায়যায়দিন, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিডনিউজ ছেপেছে।

২। **শিক্ষাঙ্গন জঙ্গিমুক্ত করতে পুলিশের ১২ দফা প্রস্তাব**
**জঙ্গিবাদে জড়িত শিক্ষকদের আইনের আওতায় আনা হবে : শিক্ষামন্ত্রী**
**জঙ্গিবাদের বিরুদ্ধে সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

দেশের শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও জঙ্গিমুক্ত করতে শিক্ষক শিক্ষার্থীদের সমন্বয়ে জঙ্গিবাদবিরোধী কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে পুলিশ। এছাড়া খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, বির্তক প্রতিযোগিতার মতো সহশিক্ষা কার্যক্রম জোরদার করা, শিক্ষা প্রতিষ্ঠানের যে সব স্থানে জঙ্গিবাদ নিয়ে বৈঠক হতে পারে সে জায়গাগুলো চিহ্নিত করে নজরদারী বাড়ানোসহ **১২** দফা প্রস্তাব তুলে ধরা হয় পুলিশের পক্ষ থেকে। আর এ দফাগুলো শিক্ষা প্রতিষ্ঠানে মানারও পরামর্শ দেওয়া হয়েছে। গতকাল **১৭** জুলাই রোববার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউটে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত 'জননিরাপত্তা ও আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময়' অনুষ্ঠানে এসব প্রস্তাব দেওয়া হয়। ডিএমপির কাউন্টার টেররিজম ইউনিটের প্রধান ও অতিরিক্ত পুলিশ কমিশনার মনিরুল ইসলাম মূল প্রবন্ধে এসব প্রস্তাব তুলে ধরেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, জঙ্গিবাদের সঙ্গে জড়িত শিক্ষকদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জঙ্গিবাদ প্রতিরোধ করতে সমাজের সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়াবার আহ্বান জানিয়ে বলেন, জঙ্গিরা নিজেদের দোষ স্বীকার করে ফিরে আসুক, তাদের প্রচলিত আইনে বিচার করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান,** (পৃ.১,ক.৭)**, বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

৩। **এসডিজি অর্জনে আন্তর্জাতিক সহায়তা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী**

সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) অর্জনে আন্তর্জাতিক সহযোগিতা চেয়েছেন তালিকাভুক্ত উন্নয়নশীল দেশগুলোর সংগঠন এলডিসির সমন্বয়ক ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, জিএসপি সুবিধাসহ রফতানি বাণিজ্য বৃদ্ধিতে বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে স্বল্পোন্নত দেশগুলোর আর্থসামাজিক উন্নয়নে আঙ্কটাড (ইউনাইটেড নেশন্স কনফারেন্স অন ট্রেড অ্যাণ্ড ডেভেলপমেন্ট) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসডিজি অর্জনে আঙ্কটড ভূমিকা রাখবে। এই লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতা খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে প্রয়োজনীয় সম্পদ সরবরাহ, অবকাঠামো নির্মাণ, কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা, প্রশিক্ষণ এবং গবেষণার ক্ষেত্রে এলডিসিভুক্ত দেশগুলোর সামর্থ্য এখনও সীমিত। এসব ক্ষেত্রে সহযোগিতা প্রয়োজন। গতকাল **১৭** জুলাই রোববার কেনিয়ার রাজধানী নাইরোবিতে জি-৭৭ ও চীনের মন্ত্রীপর্যায়ের সভায় এলডিসির পক্ষে বক্তব্য উপস্থাপনের সময় বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২)**, ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট**

(পৃ.৯,ক.৬),**বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.৬)।

**৪। গণপরিবহণে সংরক্ষিত আসনের জন্য আইন হচ্ছে : সড়ক পরিহণ ও সেতুমন্ত্রী**

গণপরিবহণে নারী, শিশু ও প্রতিবন্ধিদের জন্য সংরক্ষিত আসনে যাতে অন্য কোনো যাত্রী বসতে না পারে, তা নিশ্চিত করতে আইন প্রণয়ন হচ্ছে বলে সংসদকে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এছাড়া ভবিষ্যতে শুধু নারীদের বহনের জন্য বাসের সংখ্যা আরও বাড়ানো হবে। গতকাল ১৭ জুলাই রোববার সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২)।



**৫। জাতীয় সংসদে বঙ্গবন্ধু ডিজিটাল ইউনিভার্সিটি ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বিল পাস**

দেশে প্রযুক্তি বাণিজ্য উদ্যোক্তা গড়ে তোলার লক্ষ্যে আনা 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়' এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সৃষ্টিকে এদেশের মানুষের স্মৃতিতে চির অম্লান রাখার লক্ষ্যে তার স্মৃতি বিজড়িত সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরে তার নামে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিধান করে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আইন-২০১৬' গতকাল ১৭ জুলাই রোববার জাতীয় সংসদে পাস হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.৪ ক.২)।

**৬। গুলশান, শোলাকিয়া ও ফ্রান্সে জঙ্গি হামলায় জাতীয় সংসদে নিন্দা**

গুলশান, শোলাকিয়া ও ফ্রান্সের নিস শহরে সন্ত্রাসী হামলায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছে জাতীয় সংসদ। গতকাল ১৭ জুলাই রোববার সংসদে বৈঠকের শুরুতে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সংসদের পক্ষ থেকে এই ক্ষোভ ও নিন্দা প্রকাশের কথা জানান। তিনি নিহতদের রুহের মাগফিরাত, আত্মার শান্তি কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৭। ঢাকার পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে সাড়ে ২৭ কোটি ডলার ঋণ দিচ্ছে এডিবি**

ঢাকার পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে ২৭ কোটি ৫০ লাখ ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ লক্ষ্যে গতকাল ১৭ জুলাই রোববার শেরেবাংলা নগরস্থ ইআরডি সম্মেলন কক্ষে একটি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং এডিবির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি এতে স্বাক্ষর করেন। এছাড়া প্রকল্প চুক্তিতে স্বাক্ষর করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক তাসকিন এ খান ও কাজুহিকো হিগুচি। 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্টের' মাধ্যমে এই অর্থ ব্যয় করা হবে। এ প্রকল্পে মোট ব্যয় হবে ৪০ কোটি ৮০ লাখ ডলার। এর মধ্যে এডিবি সাড়ে ২৭ কোটি ডলার ঋণ এবং বাকি ১৩ কোটি ৩০ লাখ ডলার বাংলাদেশ সরকার যোগান দেবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.৫)।

**৮। প্রাথমিক সমাপনী পরীক্ষা আগামী ২০ নভেম্বর শুরু**

চলতি বছর পঞ্চম শ্রেণির প্রাথমিক ও এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হবে আগামী ২০ নভেম্বর, চলবে ২৭ নভেম্বর পর্যন্ত। এই পরীক্ষায় এবার ৩৪ লাখ ৪৫ হাজার শিক্ষার্থী অংশ নেবে। মোট পরীক্ষার্থীদের মধ্যে ৩১ লাখ ২৫ হাজার প্রাথমিক সমাপনী ও তিন লাখ ২০ হাজার এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করবে। গতকাল ১৭ জুলাই রোববার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এ পরীক্ষা সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় পরীক্ষার সূচি নির্ধারণ করা হয়। বৈঠকের পর প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৯। ময়মনসিংহের দুই আসনে উপ-নির্বাচন আজ**

ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া) ও ময়মনসিংহ-৩ (গৌরীপুর) আসনের উপ-নির্বাচন আজ। সকাল ৮টায় ভোট শুরু হয়ে বিরতিহীনভাবে বিকাল ৪টা পর্যন্ত চলবে। ইতোমধ্যে ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচনী এলকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। গুলশান ও শোলাকিয়া জঙ্গি হামলার পর অনুষ্ঠিত এই নির্বাচনে ব্যাপক নিরাপত্তা

ব্যবস্থা গ্রহণ করেছে নির্বাচন কমিশন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩)।

**১০। হজ ফ্লাইট শুরু আগামী ৪ আগস্ট**

আগামী ৪ আগস্ট থেকে বাংলাদেশ বিমান ও সৌদি এয়ারলাইন্স যৌথভাবে বাংলাদেশের হজ যাত্রীদের পরিবহণ শুরু করবে। হজ ফ্লাইট চলবে ৫ সেপ্টেম্বর পর্যন্ত। আর ফিরতি ফ্লাইট ১৭ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে শেষ হবে ১৬ অক্টোবর। আগামী ৩ আগস্ট সকাল সাড়ে ১০টায় রাজধানীর আশকোনা হজ ক্যাম্পে হজ কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। হজ প্রস্তুতি ও ফ্লাইট নিয়ে সম্প্রতি বিমান মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়েছে। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননের সভাপতিত্বে বৈঠকে ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিমানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব (পৃ.১,ক.২)**।

=৪=

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার একটি প্রতিবেদনে প্রকাশিত হয়েছে সারা বিশ্বে স্বাদু পানির মাছ উৎপাদনে বাংলাদেশের অবস্থান এখন চতুর্থ উল্লেখ করে সম্ভাবনাময় এ খাতে আরও সাফল্য অর্জনে নানা পদক্ষেপ কামনা।

খ. **প্রথম আলো :** চট্টগ্রামের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা নিরসনে স্থানীয় প্রশাসনকে উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** জঙ্গিবাদ নির্মূলে সরকারের কঠোর পদক্ষেপের সাফল্য কামনা।

ঘ. **সমকাল :** জনসংখ্যার চাপে সংকুচিত কৃষি জমি রক্ষায় জরুরি ভিত্তিতে পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** রাজধানীর যাত্রী পরিবহণ ব্যবস্থায় চরম বিশৃঙ্খলায় উদ্বেগ প্রকাশ করে এ থেকে উত্তরণে যথাযথ পদক্ষেপ কামনা।

চ. **প্রথম আলো, সংবাদ, ভোরের কাগজ, জনকণ্ঠ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, অবজারভার :** জনতার প্রতিরোধে তুরস্কে সেনা অভ্যুত্থান ব্যর্থ হওয়ার ঘটনাকে গণতন্ত্রের জন্য উৎসাহব্যঞ্জক ঘটনা বলে উল্লেখ করে সেনা অভ্যুত্থানের বিরুদ্ধে দেশটির সব দল একত্র হওয়ার দৃষ্টান্ত অন্যান্য দেশের জন্যও অনুকরণীয় বলে অভিমত প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিদেশে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে কর্মীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে গড়ে তুলতে প্রতিটি উপজেলায় টেকনিক্যাল ট্রেনিং সেন্টার স্থাপনের সরকারি পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** যশোরে সরকারি গণগ্রন্থাগারে নামেমাত্র লোকজন বই পড়তে আসার বিষয়টি দেশের তরুণ সমাজের বইপড়া বিমুখতার সার্বিক চিত্র তুলে ধরেছে বলে অভিমত ।

ঝ. **নিউজ টুডে :** ঈদের ছুটিতে চিকিৎসা সেবা যথাযথ না হওয়ায় বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ৬৬ রোগীর মৃত্যুর ঘটনার বিষয় তুলে ধরে এ ধরণের ছুটিতে রোগীদের দুর্ভোগ লাঘবে কর্তৃপক্ষকে আগেই যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ এজ :** রাজধানীর পুরান ঢাকার বিভিন্ন স্থানের সড়কে বিপদজনকভাবে পড়ে থাকা ভাঙা বৈদ্যুতিক খুঁটি ট্রাফিক সিগনাল পোলে ও কংক্রিটের পোল পড়ে থাকার চিত্র তুলে ধরে এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত সেগুলো অপসারণে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গিবাদ অবসানে জাতীয় ঐক্যের প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'মুক্তিযুদ্ধের চেতনা রুখবে জঙ্গিবাদ'** শিরোনামের নিবন্ধে নিতাই চন্দ্র রায়

জঙ্গিবাদ নির্মূলে স্বল্প ও দীর্ঘমেয়াদি বহুমূখী কর্মসূচি গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা